

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩
প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০১৪ খ্রিস্টাব্দ

নং গৃহম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/১৯১—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ০৪ জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলার মতিঝিল থানার পুরানা পল্টনের লেন মৌজার আরএস দাগ নং ৩০৭৬ এ অবস্থিত প্লটের এবং উক্ত মৌজার আর এস দাগ নং ৩০৭৩, ৩০৭৪ ও ৩০৭৫ এ অবস্থিত জমির

(১৮৯৫৯)

মূল্য : টাকা ৪.০০

ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার ইনস্টিটিউশনাল জোন হতে আরবান রেসিডেন্সিয়াল জোন হিসেবে পরিবর্তনের অনুমোদন এতদ্বারা প্রকাশ করা হলো। এক্ষেত্রে নটরডেম কলেজের সীমানা বরাবর ০৩ (তিন) মিটার প্রশস্ত ড্রাইভওয়েটি সংরক্ষণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক
সিনিয়র সহকারী প্রধান

বিশেষ দৃষ্টব্য :

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।